

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৩৬

১০/ काकन-पाकन (الله عن رسول الله عن رسول الله عن رسول الله) পরিচ্ছেদঃ শহীদের জন্য সালাতল জানাযা ত্যাগ করা।

باب مَا جَاءَ فِي تَرْكِ الصَّلاَةِ عَلَى الشَّهِيدِ

আরবী

حَدَّثَنَا قُتُيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنِ ابْنِ شِهَابِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ كَعْبِ بْنِ مَالِك، أَنَ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ، أَخْبَرَهُ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَجْمَعُ بَيْنَ الرَّجُلَيْنِ مِنْ قَتْلَى أُحُد فِي التَّوْبِ الْوَاحِدِ ثُمَّ يَقُولُ " أَيُّهُمَا أَكْثَرُ أَخْذًا لِلْقُرْآنِ " . فَإِذَا أُشِيرَ لَهُ إِلَى قَتْلَى أُحَدِهِمَا قَدَّمَهُ فِي اللَّوْبِ الْوَاحِدِ ثُمَّ يَقُولُ " أَيُّهُمَا أَكْثَرُ أَخْذًا لِلْقُرْآنِ " . فَإِذَا أُشِيرَ لَهُ إِلَى أَحَدِهِمَا قَدَّمَهُ فِي اللَّحْدِ وَقَالَ " أَنَا شَهِيدٌ عَلَى هَوَّلاَءِ يَوْمَ الْقِيَامَةِ " . وَأَمَرَ بِدَفْنِهِمْ فِي لَمَ يُصَلِّ عَلَيْهِمْ وَلَمْ يُغَسِّلُوا . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَنْسَ بْنِ مَالِك . قَالَ أَبُو مِي عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَالِك . قَالَ أَبُو عِيسَى حَديثُ حَابِرٍ حَدِيثٌ حَسَنٌ صَحَيِحٌ . وَقَدْ رُويَ هَذَا الْحَديثُ عَنِ الزَّهْرِيِّ عَنْ أَلْثُولِي عَنِ النَّهِ بْنِ ثَعْلَبَةَ بْنِ أَبِي عَنْ النَّبِي صلى الله عليه وسلم . وَرُويَ عَنِ الزَّهْرِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ ثَعْلَبَةَ بْنِ أَبِي صَعْنِرٍ عَنِ النَّبِي صلى الله عليه وسلم . وَمِنْهُمْ مَنْ ذَكَرَهُ عَنْ جَابِرٍ . وَقَد اخْتَلَفَ أَهْلُ صَعْمَلِهِ فِي الصَّلاَةِ عَلَى الشَّهِيدِ . وَهُو قَوْلُ أَهْلِ الْمَدِينَةِ وَبِهِ يَقُولُ الشَّافِعِيُّ وَأَحْمَدُ . وَهُو قَوْلُ الثَّوْرِيِّ وَأَهْلِ الْمُدِينَةِ وَبِهِ يَقُولُ الشَّوْرِيِّ وَأَهْلِ الْمُدِينَةِ وَبِهِ يَقُولُ الشَّوْرِيِّ وَأَهْلِ

বাংলা

১০৩৬. কুতায়বা ইবনু সাঈদ (রহঃ) জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উহুদ যুদ্ধে নিহতদের দুইজন দুইজন করে একই কাপড়ে কাফন দিয়েছিলেন। পরে বললেন, এদের দুজনের মধ্যে কে কুরআন অধিক হিফজ করেছে? তখন তাদের যার দিকে ইশারা করা হচ্ছিল তাকে তিনি লাহদে আগে রাখছিলেন। এরপর তিনি বললেন, কিয়ামতের দিন আমি এদের জন্য সাক্ষী হব। এরপর তিনি তাদের রক্ত সহই দাফন করার নির্দেশ দিয়েছিলেন। তাদের জন্য সালাতুল জানাযাও আদায় করা হয় নাই এবং তাদেরকে গোসলও দেওয়া হয় নাই। - ইবনু মাজাহ ১৫১৪, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৩৬ [আল মাদানী প্রকাশনী]



এই বিষয়ে আনাস ইবনু মালিক (রহঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ইসা (রাঃ) বলেন, জাবির (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান-সহীহ। হাদিসটি যুহরী- আনাস (রাঃ) সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকেও বর্ণিত আছে। আবার যুহরী - আবদুল্লাহ ইবনু ছা'লাবা ইবনু আবূ সুআয়র সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকেও বর্ণিত হয়েছে। তাদের কেউ কেউ জাবির (রাঃ) এর সুত্রেরও উল্লেখ করেছেন। শহীদের সালাতুল জানাযা সম্পর্কে আলিমদের মতবিরোধ রয়েছে। কতক আলিম বলেন, শহীদের জন্য সালাতুল জানাযা আদায় করতে হয় না। এ হলো মদীনাবাসী ফকীহগণের অভিমত। ইমাম শফিঈ ও আহমাদ (রহঃ)-এর বক্তব্যও এ-ই। কোন কোন আলিম বলেন, শহীদের জন্য সালাতুল জানাযা আদায় করা হবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হামযা (রাঃ) এর সালাতুল জানাযা আদায় করেছিলেন বলে যে হাদিসটি আছে সেটিকে তারা দলীল হিসাবে পেশ করেন। এ হলো ইমাম ছাওরী ও কূফাবাসী ফকীহগণের অভিমত। ইমাম ইসহাক (রহঃ) এর বক্তব্য এ-ই।

English

Abdur-Rahman bin Ka'b bin Malik narrated that:

Jabir bin Abdullah informed him that the Prophet had put two men together in one cloth from those who were killed at (the battle of) Uhud, then he said: "Which of them memorized the more of the Qur'an?" When one of them was indicated to him, he put him in the Lahd (first) and said: "I am a witness for those people on the Day of Judgment." And he ordered that they be buried in their blood, and that they not be prayed over, nor washed.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন